






উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা

সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ১২/০৬/২০২৩ ইং সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

ক্রমিক নং	উপস্থিতির নাম ও পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, সভাপতি	
০২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য	
০৩	চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৪	চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, সদস্য	
০৫	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী, সদস্য সচিব	

অদ্য ১২/০৬/২০২৩ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রমঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। এ যাবত গবাদি প্রাণির ৯০৪০ মাত্রা ও হাঁস-মুরগির ৯৪৫০০ মাত্রা টিকা প্রয়োগ এবং ২২৪৫ টি গবাদি প্রাণির ও ২৪৫৩৭ হাঁস-মুরগির চিকিৎসা ৭৯৫টি কৃত্রিম প্রজনন, ৩৮৩ টি সংকর জাতির বাছুর এ তথ্য সংগ্রহ ২০ জন সুফলভোগীর প্রশিক্ষণ, টিকা বীজের ৩১৩৮৫/-ও কৃত্রিম প্রজনন ফিসের ২৩,৮৫০/- টাকা, বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিস্ট্রেশন বাবদ জমা করা হয়েছে। লাম্পিস্কিন ডিজিজ এবং ক্ষুরা রোগ প্রতিরোধের জন্য সচেতনতামূলক ১৪ টি উঠান বৈঠক, ১০ টি ফ্রি ভেটেরিনারি মেডিকেলক্যাম্প, ১৩ টি ফ্রি টিকা প্রদান ক্যাম্প এবং ৫০০ টি লিফলেট বিতরণ করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, লাম্পিস্কিন ডিজিজ এবং ক্ষুরা রোগ সরিষাবাড়ী উপজেলায় ছড়িয়ে পড়ায় এবং অত্র দপ্তরে টিকার যথেষ্ট সংস্থাননা থাকায় দুটি রোগের বিস্তার রোধে উপজেলা পরিষদের এডিবি

বরাদ্দ থেকে টিকা ক্রয়ের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সরিষাবাড়ী, জামালপুর জলাবদ্ধতা নিরসন এবং আগত সেবাগ্রহীতা গণের সেবাপ্রাপ্তির সুবিধার জন্য উপজেলা পরিষদের এডিবি বরাদ্দ থেকে মাটি ভরাটের প্রয়োজন। পরবর্তী উপজেলা পরিষদ মাসিক সভায় উত্থাপনের মাধ্যমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২টি মৎস্য খাদ্যের দোকানকে লাইসেন্সের আওতায় আনা হয়েছে এবং ২৫ টি নিষিদ্ধ চায়না জাল যমুনা নদী থেকে আটক করা হয় এবং তা পুড়িয়ে ধ্বংস করা হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

জেলা আক্তার

মহিলাভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং- ৩৩.০২.৩৯৮৫. ৫০১.৬৩.০০১.২২.৭৩ /১(৭)

তারিখঃ ১২/০৬/২০২৩ খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে -

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৪। চেয়ারম্যান, সাতপোয়া/আওনা, ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। অফিস নথি।



(সুতপা ভট্টাচার্য্য)

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি

ও

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

সরিষাবাড়ী, জামালপুর।